মেহেরপুরের আমঝুপিতে সরকারি রাস্তা দখলের অভিযোগ

মেহেরপুরের আমঝুপিতে অবৈধভাবে সরকারি রাস্তা দখল করে খুঁটি পুঁতে রেখেছে বলে অভিযোগ উঠেছে স্থানীয় কয়েকজনের বিরুদ্ধে। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অভিযোগ করেছেন এলাকাবাসী।

অভিযোগ সুত্রে জানা যায়, মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের ৫ নং ওয়ার্ডের মোস্তাক মেম্বারের বাড়ির কাছ থেকে গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ১ কিলোমিটার রাস্তাটির শেষ মাথায় জুল্লুর রহমান, হাফিজুর রহমান কটা, মজিবুর রহমান কান্দু তিন ভাই মিলে রাস্তায় অবৈধভাবে খুঁটি গেরে অর্ধেক রাস্তা দখল করে রেখেছে। এলাকাবাসী বারবার খুঁটে তুলে নেওয়ার কথা বললেও জোরপূর্বক খুঁটিটি না তুলে জনসাধারণের চলার পথটি বাঁধাগ্রস্ত করে রেখেছে। এই নিয়ে স্থানীয়ভাবে ফয়সালা করার ব্যবস্থা করলেও তারা মানতে নারাজ।

স্থানীয় এক বাসিন্দা জানান, স্কুলের ছাত্র ছাত্রী, মাদ্রাসা ছাত্র ছাত্রী, মসজিদের মুসল্লী এবং এলাকাবাসীকে প্রতিনিয়ত চলাচলে বাধাগ্রস্ত হতে হচ্ছে পথটি খুঁটি দিয়ে দখলে নেওয়ার জন্য। রাস্তাটি দ্রুত খুঁটি মুক্ত করতে পারলে সকলেই স্বাচ্ছন্দে চলাচল করতে পারবে।

এবিষয়ে অভিযুক্তদের ফোনে একাধিকবার ফোন দেয়া হলেও তারা ফোনটি রিসিভ করেননি।

এদিকে দ্রুত সমস্যাটি সমাধান করে রাস্তাটিকে খুঁটি মুক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার নিকট দাবি জানিয়েছেন এলাকার জনসাধারন।